

আল-ইনশিকাক | Al-Inshiqaq | الْإِنْشِقَاقُ

আয়াতঃ ৮৪ : ১৬

আরবি মূল আয়াত:

فَلَا أُقْسِمُ بِالشَّفَقِ ۝ ١٦

অনুবাদসমূহ:

অতঃপর আমি কসম করছি পশ্চিম আকাশের লালিমার। — আল-বায়ান

আমি শপথ করি সন্ধ্যাকালীন লালিমার, — তাইসিরুল

আমি শপথ করি অস্তরাগের — মুজিবুর রহমান

So I swear by the twilight glow — Sahih International

১৬. অতঃপর আমি শপথ করছি(১) পশ্চিম আকাশের লালিমার,

(১) এখানে আল্লাহ তা'আলা তিনটি বস্তুর শপথ করে মানুষকে আবার (إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ) আয়াতে বর্ণিত বিষয়ের প্রতি মনোযোগী করেছেন। শপথের জওয়াবে বলা হয়েছে যে, মানুষ এক অবস্থার উপর স্থিতিশীল থাকে না বরং তার অবস্থা প্রতিনিয়তই পরিবর্তিত হতে থাকে। যৌবন থেকে বার্ধক্য, বার্ধক্য থেকে মৃত্যু, মৃত্যু থেকে বরযখ (মৃত্যু ও কিয়ামতের মাঝখানের জীবন), বরযখ থেকে পুনরুজ্জীবন, পুনরুজ্জীবন থেকে হাশরের ময়দান তারপর হিসেব-নিকেশ এবং শাস্তি ও পুরস্কারের অসংখ্য মনযিল মানুষকে অতিক্রম করতে হবে। এ বিভিন্ন পর্যায় প্রমাণ করছে যে, একমাত্র আল্লাহই তার মা'বুদ, তিনি বান্দাদের কর্মকাণ্ড নিজস্ব প্রজ্ঞা ও রহমতে নিয়ন্ত্রণ করেন। আর বান্দা মুখাপেক্ষী, অপারগ, মহান প্রবল পরাক্রমশালী দয়ালু আল্লাহর কর্তৃত্বাধীন। [বাদায়ে'উত তাফসীর; ফাতহুল কাদীর; সা'দী]

তাফসীরে জাকারিয়া

১৬। আমি শপথ করি অস্তরাগের [1]

[1] شفق(অস্তরাগ) সেই লালবর্ণের আভাকে বলা হয় যা সূর্যাস্তের পর পশ্চিম আকাশে প্রকাশ পায় এবং তা এশার ওয়াক্ত শুরু হওয়া পর্যন্ত বাকী থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন